ফাতওয়া নাম্বার: ৫৩৬ প্রকাশকালঃ২৯-০২-২০২৫ ইং

তালাকপ্রাপ্তা স্ত্রীর মায়ের সঙ্গে পর্দার বিধান

প্রশ্ন:

আমি কি তালাকপ্রাপ্তা স্ত্রীর মায়ের সঙ্গে দেখা দিতে পারবো? এখন তো স্ত্রীর সঙ্গেই দেখা দেওয়া জায়েয নয়, তাহলে তার মায়ের সঙ্গে দেখা দেওয়া কি জায়েয হবে? একইভাবে স্ত্রী মারা যাওয়ার পর তার মায়ের সঙ্গে দেখা দেওয়া কি জায়েয হবে?

আরেকটি বিষয়, স্ত্রী থাকাকালে তার খালাকে বিয়ে করা যায় না, তাহলে তার খালার সঙ্গে কেন দেখা দেওয়া যায় না?

-সাইফুল ইসলাম

উত্তর:

যাদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া শরীয়তে স্থায়ীভাবে নিষিদ্ধ, তাদেরকে মাহরাম বলা হয়। মাহরামদের সাথে দেখা দেয়া জায়েয এবং তাদেরকে বিয়ে করা চিরতরে হারাম। কোনো পুরুষ যখন কোনো নারীকে বিয়ে করে, তখন বিয়ের আকদ সম্পন্ন হওয়ার সাথে সাথে স্ত্রীর মা তথা শাশুড়ি মাহরামে পরিণত হন এবং চিরদিনের জন্য হারাম হয়ে যান। পরবর্তীতে স্ত্রীর সাথে বিয়ে বিচ্ছেদ ঘটলে কিংবা স্ত্রী মৃত্যুবরণ করলেও শাশুড়িকে বিয়ে করা যায় না; শাশুড়ি মাহরামই থেকে যান। একারণে তার সাথে দেখা দেয়া জায়েয।

পক্ষান্তরে স্ত্রীর খালা চিরস্থায়ী মাহরাম নন। যাদেরকে বিশেষ কারণে সাময়িকভাবে বিয়ে করা নাজায়েয, স্ত্রীর খালা তাদের অন্তর্ভুক্ত। তাদেরকে মাহরাম বলা হয় না। স্ত্রীর খালাকে বিয়ে করা যায় না মূলত বর্তমান স্ত্রী তার ভাগ্নি হওয়ার কারণে। কারণ কিছু আত্মীয়কে একসঙ্গে বিয়ে করা নাজায়েয। যেমন ফুফু-ভাতিজি, দুই বোন, খালা-ভাগ্নি।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

لا يجمع بين المرأة وعمتها، ولا بين المرأة وخالتها. -صحيح البخاري (٥١٠٩) صحيح مسلم (١٤٠٨)

"কেউ যেন ফুফু ও তার ভাতিজিকে এবং খালা ও তার ভাগ্নিকে একত্রে বিয়ে না করে।" -সহীহ বুখারী: ৫১০৯; সহীহ মুসলিম: ১৪০৮

একারণে স্ত্রী থাকা অবস্থায় তার খালাকে বিয়ে করা যায় না, যেমনি স্ত্রী থাকা অবস্থায় তার বোনকে বিয়ে করা যায় না। আর তিনি যেহেতু মাহরাম নন, এজন্য স্ত্রী থাকা অবস্থায়ও তার সাথে পর্দা করা ফরয, যেমন স্ত্রী থাকা অবস্থায় স্ত্রীর বোনের সাথে পর্দা করা ফরয। একইভাবে স্ত্রীর মৃত্যু কিংবা তালাকের পর তার খালাকে বিয়ে করা যায়, যেমনি তার বোনকে বিয়ে করা যায়। -আল-আসল: ৪/৩৬১, ৩৬৫ (দারু ইবনি হাযম); বাদায়েউস সানায়ে: ২/২৫৬-২৫৮ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-বাহরুর রায়েক: ৩/১০০, ১০৪ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ২/৪৬৪ ও ৩/২৮, ৩০ (দারুল ফিকর); ইমদাদুল আহকাম: ২/২৫৫ (মাকতাবা দারুল উলুম করাচী)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৪-০৮-১৪৪৬ হি.

১৪-০২-২০২৫ ঈ.